

এইচআরএমডি-১৩/২২

১৬ জানুয়ারী ২০২২ ইং

**জনাব মোঃ হুমায়ুন কবির**

সভার সভাপতি ও নির্বাহী পরিচালক

সচিব বিভাগ (শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সেল)

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

প্রিয় মহোদয়,

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে এবং ২০২১-২০২২ অর্থবছরের  
"শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা" বাস্তবায়ন বিষয়ক ফিডব্যাক সভার কার্যবিবরণী।

আপনার প্রেরিত ২৯ ডিসেম্বর ২০২১ ইং তারিখের "শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা" বাস্তবায়নের গৃহীত সিদ্ধান্তসমূহের  
অগ্রগতিঃ


- ১। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে এবি ব্যাংকসহ সকল আর্থিক প্রতিষ্ঠান একযোগে শুদ্ধাচার চর্চায় উদ্বুদ্ধকরণ করণের লক্ষ্যে ১৭ মার্চ ২০২২ ইং (বঙ্গবন্ধুর জন্মদিন) হতে সপ্তাহব্যাপী শুদ্ধাচার সপ্তাহ পালনের প্রস্তাব করা হচ্ছে। বিষয়টি আপনাদের সদয় অবহিত করা হল।
- ২। এবি ব্যাংক কর্তৃপক্ষ যৌথভাবে ডিপার্টমেন্ট অব এইচআরএমডি এবং অপারেশন্স ডিভিশন এর মাধ্যমে সিটিজেন চার্টার অনুযায়ী ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে থাকে। উল্লেখ্য যে, আপনাদের নির্দেশনা অনুসারে সিটিজেন চার্টার অনুযায়ী ব্যাংকিং কার্যক্রম তদরকী ও পরিবীক্ষণের জন্য একটি কমিটি গঠনের কার্যক্রম প্রক্রিয়াধীন। নির্দেশনা মতে কমিটি গঠন পূর্বক সিটিজেন চার্টার অনুযায়ী ব্যাংকিং কার্যক্রম তদরকী ও পরিবীক্ষণের ফলাফল প্রতি ত্রৈমাসিক শেষে প্রতিবেদন আকারে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদনের সাথে অবহিত করা হবে।
- ৩। ব্যাংক কর্তৃপক্ষ বিদেশ হতে বাংলাদেশিদের কষ্টার্জিত রেমিটেন্স বৈধ উপায়ে দেশে প্রেরণের সকল অনিয়ম/প্রতিবন্ধকতা দূরীকরণের প্রয়োজনীয় সকল পদক্ষেপ যথাযথভাবে পরিপালন করা হচ্ছে। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বর্ণিত বিষয়ে অধিকতর গুরুত্ব বিবেচনায় নিয়ে Region Wise সচেতনতা মূলক বিভিন্ন সভার আয়োজন গ্রহণ পূর্বক নিয়মিতভাবে কর্মকর্তাদেরকে এ বিষয়ের অনিয়ম/প্রতিবন্ধকতা দূরীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ যেমন: Customer Service Skills for Bank Employees, Digital Trade Operations, Trade Service Operation for Compliance & Excellence in Service & Anti-Money Laundering & Combating Financing of Terrorism এর আয়োজন করে থাকে।
- ৪। এবি ব্যাংক কর্তৃপক্ষ ইতিমধ্যে স্ব স্ব ওয়েবসাইটে এনআইএস বক্স দৃশ্যমান স্থানে স্থাপনের জন্য হালনাগাদ কার্যক্রম সম্পন্ন করেছে। ডিপার্টমেন্ট অব এইচআরএমডি, ব্যাংকের ওয়েবসাইটে এনআইএস বক্স দৃশ্যমান স্থানে স্থাপনের লক্ষ্যে ইনফরমেশন টেকনোলজি (আইটি) ডিভিশনের সাথে কাজ করেছে এবং বিষয়টি প্রক্রিয়াধীন আছে। বর্ণিত নির্দেশনা পরিপালন করতঃ শীঘ্রই আপনাদের সদয় অবহিত করা হবে।



Page # 01 of 02

- ৫। বিআরপিডি সার্কুলার লেটার নং-২০, তারিখ: ১৫/০৯/২০১৯ এবং ডিএফআইএম সার্কুলার লেটার নং-১০/১০/২০১৯ ইং মোতাবেক CMMS এ তথ্য এন্ট্রি প্রদান ও অন্যান্য নির্দেশনা যথাযথভাবে পরিপালিত হচ্ছে।
- ৬। চলমান শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনপূর্বক প্রতি ত্রৈমাসিক শেষে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথানিয়মে পরিপালন করা হচ্ছে।
- ৭। বর্ণিত বিষয়ে আপনাদের নির্দেশনা পরিপালনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত বিষয়ে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ পূর্বক আপনাদের অবহিত করা হবে।  
জাতীয় দৈনিকে নির্ধারিত ছড়া প্রকাশ কার্যক্রম অব্যাহত আছে। উল্লেখ্য যে, প্রতি ত্রৈমাসিক শেষে জাতীয় দৈনিকে ছড়া প্রকাশ করণ পূর্বক আপনাদের নির্দেশনা থাযথভাবে পরিপালন করা হয়ে থাকে। বিষয়টি আপনাদের সদয় অবহিতক করা হল।
- ৮। উক্ত সভার কার্যবিবরণী ইতিমধ্যে ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তাকে অবহিত করণ পূর্বক আপনাদের নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হয়েছে।
- ৯। বর্ণিত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি আপনার সদয় বিবেচনার জন্য প্রেরণ করা হল।

ধন্যবাদান্তে,



আসিফ মোঃ ইকবাল রশীদ

এসভিপি ও সিনিয়র ম্যানেজার (এইচআর-অপারেশন্স)

বিকল্প শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, এনআইএস

এবি ব্যাংক লিমিটেড



শাকির হুদা

ইভিপি ও হেড অব এইচআরএমডি (চলতি দায়িত্ব)

হেড অব এইচআরএমডি ফোকাল পয়েন্ট, এনআইএস

এবি ব্যাংক লিমিটেড